B.A. 3$^{rd}$ Semester (Honours) Examination, 2022

বাংলা

Course Title: ভাষাবিজ্ঞান (বর্ণনামূলক ভাষাবিজ্ঞান)

Course Code: AHBNG-303-C-7 Course ID: 30113

সময়ঃ ২ ঘন্টা পূর্ণমানঃ ৪০

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

**১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।** ৫ x ২ = ১০

ক) মৌলিক স্বরধ্বনি কয়টি ও কী কী?

খ) অনুকার অব্যয় কাকে বলে? এই অব্যয় আর কী নামে পরিচিত?

গ) বাক্য-শব্দ কাকে বলে? উদাহরণ দাও।

ঘ) দ্বিকর্মক ক্রিয়া কাকে বলে? এই ক্রিয়ার বৈশিষ্ট্য লেখো।

ঙ) সকারীভবন কাকে বলে? উদাহরণ দাও।

চ) বাংলা শব্দভাণ্ডারের দু'টি পর্তুগীজ শব্দের উদাহরণ দাও।

ছ) ধ্বনির শূন্যীকরণ কাকে বলে? উদাহরণ দাও,

জ) সুভাষণ কাকে বলে উদাহরণসহ লেখো।

**২। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও।** ২ x ৫ = ১০

ক) বাকযন্ত্র কাকে বলে? বাকযন্ত্রের চিত্র অঙ্কন করে বিভিন্ন অংশের নাম উল্লেখ করো।

খ) রূপিম কাকে বলে? ধ্বনি কখন রূপিম বা রূপমূলে পরিণত হয়?

গ) ধ্বনি পরিবর্তনের মূল কারণগুলি সংক্ষেপে লেখো।

ঘ) অর্থসংশ্লেষ বলতে কী বোঝ? উদাহরণসহ অর্থসংশ্লেষ ব্যাখ্যা করো।

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও। ২ x ১০ = ২০

ক) উচ্চারণ প্রকৃতি অনুসারে সর্বজনীন মৌলিক স্বরধ্বনিগুলির নামকরণের পরিচয় দাও।

খ) বাংলা ক্রিয়ার রূপ নিয়ন্ত্রণে কাল (Tense) এর ভূমিকা উদাহরণসহ আলোচনা করো।

গ) ধ্বনি পরিবর্তনের প্রধান প্রধান সূত্রগুলি সংক্ষেপে আলোচনা করো।

ঘ) বাঙলা শব্দভাণ্ডারে আগন্তুক বা কৃতঋণ শব্দের সংক্ষিপ্ত পরিচয় দাও।